# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.khagrachhari.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০৪.১১.০১০(অংশ-১).১৮-৬২৬

তারিখ : ১৩ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার গত ২৬ অক্টোবর ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১১০ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলার "ইউনিয়ন পরিষদ সচিব" এর ০৭ (সাত)টি শূন্যপদে লোক নিয়োগ এবং প্যানেল সংরক্ষণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (http://dckc.teletalk.com.bd ওয়েবসাইটে) নিম্নলিখিত শর্তে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ সচিব | ০৭ (সাত)টি | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১০২০০-২৪৬৮০ তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবেন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

১. আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনকারীর বয়সসীমা আগামী ২০/০১/২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৪. চাকরির জন্য আবেদন অনলাইনে আগামী ৩ জানুয়ারি ২০২২ তারিখ সকাল ১০.০০টা হতে ২০ জানুয়ারি ২০২২ তারিখ বিকাল ৫.০০টা পর্যন্ত দাখিল করা যাবে। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৫. **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:**
   - ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র।
   - খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
   - গ) জাতীয় পরিচয়পত্র।
   - ঘ) অনলাইন জন্ম নিবন্ধন সনদ।
   - ঙ) জেলা প্রশাসক/মং সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র।
   - চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
   - ছ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি।
   - জ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র।
   - ঝ) সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি।

৬. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ (http://dckc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩/০১/২০২২ তারিখ সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময় ২০/০১/২০২২ তারিখ বিকাল ০৫.০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় হতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk pre-paid mobile SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে। ছবিতে মুখমন্ডলের সম্মুখভাগ প্রদর্শিত হতে হবে। আড়াআড়িভাবে তোলা বা Applicant এর (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) ছবি/স্বাক্ষর গ্রহণযোগ্য নয়।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন/পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবাদ ৬০ (ষাট) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS:

DCKC <space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: DCKC XYZDEF
Reply: Applicant's Name, TK. 560 will be charged as application fee.Your PIN is xxxxxxxx,To pay fee Type DCKC<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS:

DCKC <space> Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: DCKC YES XXXXXXXX
Reply: Congratulation Applicant's Name, Payment Completed Successfully for DCKC Application for XXXXXXX User ID is (XYZDEF) and password (XXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dckc.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে : DCKC <space>Help<space>User ID & Send to 16222
Example : DCKC HELP USER XYZDEF & Send to 16222
(ii) PIN Number জানা থাকলে : DCKC <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: DCKC HELP PIN 12345678 & Send to 16222

(ঝ) নিয়োগ সম্পর্কিত যে কোন সর্বশেষ তথ্য www.khagrachhari.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

(ঞ) online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর হতে ১২১ অথবা vas.query@teletalk.com.bd বা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: DCKC Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৭. কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা নিয়োগের পরে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিদের নিয়োগাদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

৯. যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১০. আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২. দরখাস্ত বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা এর কোন বিষয় সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ।

(প্রতাপ চন্দ্র বিশ্বাস)
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন : ০২৩৩৩৩৪৩৮১১, ফ্যাক্স: ০২৩৩৩৩৪৩৭২৮
E-mail: dckhagrachari@mopa.gov.bd

জিডি-২৬০৭/২১ (৪″×৫)